

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
সিজিএস ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার নং-০৭

তারিখঃ ২১ শ্রাবণ, ১৪২৮  
০৫ আগস্ট, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের নির্দেশনা প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখ: মে ০৯, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. উক্ত সার্কুলারের মাধ্যমে Manual of Credit Guarantee Scheme এর অনুচ্ছেদ নং-৫.৩.১ এ বর্ণিত নির্দেশনার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ (CMSE) খাতের নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঝণ/বিনিয়োগ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্য PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ৫% (পাঁচ শতাংশ) সংরক্ষিত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।

০৩. এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের নীট ঝণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়। ২০২৪ সাল অন্তে নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঝণ/বিনিয়োগের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্য সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঝণ/বিনিয়োগ বিতরণ বৃদ্ধির আবশ্যকতা রয়েছে। ঝণ/বিনিয়োগ গ্রহণের ক্ষেত্রে নারী উদ্যোক্তাগণের সহায়ক জামানত প্রদানে সক্ষমতা অপেক্ষাকৃত কম থাকায় ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় তাঁদেরকে ঝণ/বিনিয়োগ প্রদান করা হলে উপরে বর্ণিত কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভবপর হবে।

০৪. বর্ণিত বিষয়াবলী বিবেচনায়, এখন হতে সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঝণ/বিনিয়োগ প্রদান বৃদ্ধির লক্ষ্য PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ১০% (দশ শতাংশ) নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হলো।

০৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস্ত,

(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১